

জন্মদিনে প্রথমবার পায়েস খেলেন জয়া- পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৭৪ ঃ মেহেরপুর- বুধবার ২ জুলাই ২০২৫ ইং ঃ ১৮ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা




## ২ জুলাই : দাবি আদায় না হওয়া পর্যন্ত রাজপথে থাকার ঘোষণা

নিজস্ব প্রতিবেদক

সরকারি চাকরিতে কোটা ব্যবস্থা বাতিল করে ২০১৮ সালে সরকারের জারি করা পরিপত্র পুনর্বহালের দাবিতে রাজধানীর শাহবাগ মোড় অবরোধ করেন শিক্ষার্থী ও চাকরি প্রত্যাশীরা। ২০২৪ সালের ২ জুলাই প্রায় এক ঘণ্টা শাহবাগ মোড়ে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন তারা। এর আগে মিছিল করেন তারা। এতে হাজার হাজার শিক্ষার্থী অংশ নেন।

তারা বেলা পৌনে তিনটার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রহন্থগারের সামনে থেকে মিছিল শুরু করে নীলক্ষেত, সায়েন্স ল্যাব ও বাটা সিগন্যাল মোড় ঘুরে শাহবাগে গিয়ে জমায়েত হন। সে সময় মিছিলে আন্দোলনকারীরা 'কোটা না মেধা, মেধা মেধা', 'আঠারোর পরিপত্র-পুনর্বহাল করতে হবে', 'কোটা প্রথা নিপাত যাক-

২-এর পৃষ্ঠা দেখুন

শিক্ষার মন্দিরে হাটের দখল, ক্ষোভে-হতাশায় সহড়াতলার শিক্ষার্থীরা ময়লার গন্ধে

## হইচইয়ে ক্লাসে মনোযোগ হারাচ্ছে শিশু শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক

শব্দে শব্দে ভরে আছে চারদিক মাইক, যানবাহনের হর্ন, মাছ-মাংস বিক্রেতার হাঁকডাক। এর মাঝেই এক কোণে ক্লাস নিচ্ছেন এক শিক্ষিকা, অন্যদিকে মাত্র ১০ হাত দূরে পেঁয়াজ-আলুর স্তূপ। এমনই এক বর্ণনা উঠে এসেছে মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। ১৯৩৫ সালে স্থানীয়দের জমি দিয়ে প্রতিষ্ঠিত এই ঐতিহ্যবাহী বিদ্যালয়টি আজ যেন হাটের দখলে।



প্রতি সপ্তাহে দু'দিন বিদ্যালয়ের বারান্দা, মাঠ এমনকি শ্রেণিকক্ষের পাশ ঘেঁষে বসে জমজমাট হাট। শিশুদের কাছে শিক্ষা যেন হয়ে উঠেছে কোলাহল, ভয় আর হতাশার অন্য নাম। "স্যার, বইয়ের পাতা দেখলে মাছের গন্ধ পাই" এ কথা বলেই মুখ গুঁজে রাখে পঞ্চম শ্রেণির শিক্ষার্থী তামান্না খাতুন।

এমন অসহায়তা শুধু হাটের হইচই নয়, হাট শেষে বারান্দা-মাঠ ভরে যায় কাদায়-ময়লায়। পরদিন সেই ময়লা পরিষ্কারের দায়িত্ব পড়ে কোমলমতি শিক্ষার্থীদের কাঁধে। পেছনে থাকে না কোনো বড়দের সহায়তা। বিদ্যালয়ের সহকারী শিক্ষক রবিউল ইসলাম বলেন, "ক্লাসে ঢুকে দেখি বারান্দা মাছের আঁশে ভরা, শ্রেণিকক্ষে পঁচা গন্ধ এই অবস্থায় আমরা কীভাবে পাঠদান করব?" বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাবিয়া সালমা কণ্ঠ রুদ্ধ করে বলেন, "আমরা শতবার লিখেছি, গেছি ইউএনও অফিসে, জেলা প্রশাসকের কাছে গিয়েছি। কিন্তু রাজনৈতিক নেতাদের ছায়া এত বড়, আমাদের চিঠিগুলো ফাইলেই রয়ে গেছে।" স্থানীয় অভিভাবক আকরাম হোসেন ক্ষোভ প্রকাশ করে বলেন, "শিক্ষার জায়গা যদি হাটে পরিণত হয়, তাহলে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম কোথায় গিয়ে দাঁড়াবে? প্রশাসন যদি রাজনৈতিক চাপের কাছে মাথা নত করে, তাহলে আমরা যাব কোথায়?" এলাকার প্রবীণ বাসিন্দা ও বিদ্যালয়টির প্রতিষ্ঠার সাক্ষী মো. দেলোয়ার হোসেন বলেন,"যেখানে আমাদের সন্তানদের কলম ধরা শিখবার কথা, সেখানে আজ তারা শিখছে কিভাবে হাটের গন্ধ সহ্য করে বাঁচতে হয়।" এ বিষয়ে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা রুহুল আমীন বলেন, "বিষয়টি

২-এর পৃষ্ঠা দেখুন



পরিকল্পনা ছিল পরিবেশবান্ধব শহর, বাস্তবে দুর্গন্ধে ভোগান্তি

## চার বছরেও চালু হয়নি মেহেরপুর পৌরসভার পয়ঃবর্জ্য পরিশোধনাগার

আব্দুর রউফ, মেহেরপুর

মেহেরপুর পৌরসভার নাগরিকদের জন্য পরিবেশবান্ধব ও পরিচ্ছন্ন শহর গঠনের আশায় নির্মিত হয়েছিল পয়ঃবর্জ্য পরিশোধনাগার ও স্যানিটারি ল্যান্ডফিল্ড প্রকল্প। ২০২১ সালে তৃতীয় নগর উন্নয়ন প্রকল্পের আওতায় প্রায় ২ কোটি ৭২ লাখ টাকা ব্যয়ে নির্মাণ সম্পন্ন হলেও দীর্ঘ চার বছর পেরিয়ে গেলেও এটি কার্যকর হয়নি। অবকাঠামোগত ত্রুটি, অর্থের সংকট এবং জনবল অভাবে এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি আজও চালু হয়নি। ফলে শহরের বিভিন্ন সড়ক, আবাসিক এলাকা ও বাজারে যত্রতত্র পড়ে থাকা ময়লা-আবর্জনা দুর্গন্ধ ও অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করছে। শহরের বাসিন্দারা দিন দিন বাড়ছে ভোগান্তির কথা তুলে ধরছেন।

পৌরসভার ৬ নং ওয়ার্ডের বাসিন্দা হুমায়ুন বলেন, "যেখানে যেখানে ময়লা আবর্জনা পড়ে থাকে, সেখান থেকে দুর্গন্ধ ছড়ায়। এতে আশেপাশের এলাকাবাসীর জীবন দুর্বিষহ হয়ে পড়েছে। বড় বড়

২-এর পৃষ্ঠা দেখুন




## ডেঙ্গুতে ১ জনের মৃত্যু, আক্রান্ত ৩৮৬

নিজস্ব প্রতিবেদক

গত ২৪ ঘণ্টায় সারা দেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও হয়ে একজনের মৃত্যু হয়েছে এবং একই সময়ে মোট ডেঙ্গু আক্রান্ত হয়েছেন আরও ৩৮৬ জন।

মঙ্গলবার (১ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গুবিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে

২-এর পৃষ্ঠা দেখুন

গাংনীতে চরম আতঙ্কঃ কেড়ে নিচ্ছে শান্তি

## বোমা সদৃশ বস্তু, চিরকুট ও কাফনের কাপড়ে হুমকি

রাব্বি আহমেদ

দীর্ঘ সময় শান্ত থাকার পর মেহেরপুরের গাংনী উপজেলায় ফের সন্ত্রাসের ছায়া ঘনিয়েছে। একের পর এক বোমা সদৃশ বস্তু, কাফনের কাপড় ও মৃত্যুর হুমকিসহ চিরকুট রেখে আতঙ্ক ছড়াচ্ছে দুর্বৃত্তরা। এতে সাধারণ মানুষ, ব্যবসায়ী, চাকরিজীবী থেকে শুরু করে শিক্ষার্থীরাও ভয়ে দিন কাটাচ্ছেন।গত চার মাসে গাংনী উপজেলার বিভিন্ন স্থানে ১৪টি বোমা সদৃশ বস্তু উদ্ধার হয়েছে। ঘটেছে দুটি বিস্ফোরণ। বেশ কয়েকটি স্থানে পাওয়া চিরকুটে মোবাইল নম্বরসহ বড় অঙ্কের চাঁদা দাবি করা হয়েছে।

রায়পুর ইউনিয়নের বামুন্দী এলাকার ব্যবসায়ী সালাউদ্দিন হোসেন বলেন, "রাতে দোকানের সামনে কে বা কারা একটি প্যাকেট রেখে যায়। ভেতরে ছিল কাফনের কাপড়, আগরবাতি আর হুমকির চিরকুটড় লেখা ছিল '১ লাখ টাকা না দিলে লাশ হয়ে যাবো।' থানায় যাওয়ার সাহস পাইনি।" চরগোয়াল গ্রামের আলতাব হোসেন জানান, "চোখের সামনে রেখে গেছে বোমা সদৃশ বস্তু ও চিরকুট। পরিবার নিয়ে ভয়ে আছি।" গ্রেপ্তার হয়েও ছাড়া পাচ্ছে সন্ত্রাসীরা? গত ২৭ জুন রায়পুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক জাফর আলীকে বিদেশি অস্ত্র ও বোমাসহ আটক করা হয়। কিন্তু পরে তাকে মুচলেকায় ছেড়ে দেওয়া হয়েছে বলে স্থানীয় সূত্র জানিয়েছে। এর আগে ২ জুন বামুন্দীর আব্দুর রশিদের বাড়ির সামনে বোমা রেখে

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরের সাবেক মেয়র রিটন ঢাকায় ডিবির হাতে আটক

রাজনৈতিক হয়রানির অভিযোগ, প্রশাসনের নীরবতা

নিজস্ব প্রতিবেদক, মেহেরপুরঃ



মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটনকে রাজধানীর দিয়াবাড়ি এলাকা থেকে আটক করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। সোমবার (৩০ জুন) সন্ধ্যায় সাদা পোশাকে ডিবির একটি দল তাকে পরিচয়পত্র দেখিয়ে আটক করে বলে জানিয়েছেন তার পরিবারের সদস্যরা।

পারিবারিক সূত্রে জানা গেছে, ব্যক্তিগত কাজে ঢাকায় অবস্থানকালে দিয়াবাড়ি এলাকায় হঠাৎ করেই গোয়েন্দা পুলিশের একটি দল তাকে ঘিরে ফেলে। এরপর তাকে একটি গাড়িতে তুলে

২-এর পৃষ্ঠা দেখুন



## তারেক রহমানের ৩১ দফা বাস্তবায়নে কামরুল হাসানের গণসংযোগ ফিরোজুর রহমান

তারেক রহমানের ঘোষিত ৩১ দফা কর্মসূচি বাস্তবায়ন এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে বিএনপিকে ঐক্যবদ্ধ করার লক্ষ্যে মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব ও মেহেরপুর-১ আসনের মনোনয়ন প্রত্যাশী অ্যাডভোকেট কামরুল হাসান মঙ্গলবার বিকেলে মেহেরপুর

২-এর পৃষ্ঠা দেখুন

## জুলাই অভ্যুত্থানের আরও ১০ শহীদের গেজেট প্রকাশ

জ্যেষ্ঠ প্রতিবেদক

জুলাই গণঅভ্যুত্থানের আরও ১০ জন শহীদের গেজেট প্রকাশ করেছে সরকার। সোমবার (৩০ জুন) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে শহীদদের তালিকা প্রকাশ করা হয়। ওইদিনই তা গেজেটে প্রকাশিত হয়।

এর আগে চলতি বছরের ১৫ জানুয়ারি জুলাই গণঅভ্যুত্থানের-২০২৪ এর ৮৩৪ জন শহীদের গেজেট প্রকাশ করেছে সরকার। গণঅভ্যুত্থানে শহীদদের এটিই ছিল প্রথম চূড়ান্ত তালিকা। এখন জুলাই অভ্যুত্থানে মোট শহীদের সংখ্যা হলো ৮৪৪ জন।

নতুন শহীদদের তালিকায় ঢাকায় ৪ জন, কুড়িগ্রামে একজন, শরীয়তপুরে একজন, চট্টগ্রামে একজন, নোয়াখালীতে একজন, যশোরে একজন ও বাগেরহাটে একজন রয়েছেন।

তালিকায় শহীদদের নাম ছাড়াও গেজেট নম্বর, মেডিকেল কেস আইডি, পিতার নাম, বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা উল্লেখ রয়েছে। জুলাই গণঅভ্যুত্থানে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে কালের কণ্ঠ মাল্টিমিডিয়ার প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে কালের কণ্ঠ মাল্টিমিডিয়ার ১ম বর্ষপূর্তি ও প্রতিষ্ঠাবার্ষিকী উৎসবমুখর পরিবেশে উদযাপিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল ১১ টায় মেহেরপুর রিপোর্টার্স ক্লাব মিলনায়তণে এ উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কালের কণ্ঠ মাল্টিমিডিয়ার মেহেরপুর জেলা প্রতিনিধি রাব্বি আহমেদ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ছহিউদ্দীন ডিগ্রি

২-এর পৃষ্ঠা দেখুন



## কৃষি সহায়তা পেলেন মেহেরপুরের ১,৬৮০ কৃষক

নিজস্ব প্রতিবেদক

২০২৪-২৫ অর্থবছরের খরিফ-২ মৌসুমে কৃষি প্রণোদনা কার্যক্রমের আওতায় মেহেরপুর সদর উপজেলার ১,৬৮০ জন কৃষকের মাঝে বিনামূল্যে রোপা আমন ধান, কলা, গ্রীষ্মকালীন সবজি ও বিভিন্ন ফলদ এবং বনজ গাছের চারা, পাশাপাশি রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন সদর উপজেলার ইউএনও মো.

২-এর পৃষ্ঠা দেখুন

## মুজিবনগরে বজ্রপাতে কৃষকের দুই গাভীর মৃত্যু, আহত আরও কয়েকটি

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের কাগমারী মাঠে বজ্রপাতে শফিকুল ইসলাম নামের এক কৃষকের দুটি গাভী মারা গেছে। সোমবার (৩০ জুন) সন্ধ্যায় এ মর্মান্তিক ঘটনাটি ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, শফিকুল ইসলামসহ আরও কয়েকজন কৃষক ওই সময় কাগমারী মাঠে গরু চরাচ্ছিলেন। হঠাৎ প্রবল বৃষ্টির সঙ্গে বজ্রপাত হলে শফিকুলের দুটি গাভী ঘটনাস্থলেই মারা যায়। এ সময় আশপাশে থাকা আরও কয়েকটি গরু আহত হয় বলে জানা গেছে। ঘটনাটি জানাজানি হলে গ্রামজুড়ে শোকের ছায়া নেমে আসে। কৃষক শফিকুল ইসলাম

২-এর পৃষ্ঠা দেখুন



## ভিজিএফ ও গাছ কাণ্ডে প্যানেল চেয়ারম্যান অভিযুক্ত

গাংনী প্রতিনিধি, মেহেরপুর

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মোছাঃ আসমা তারার বিরুদ্ধে সরকারি গাছ চুরি ও বিক্রি এবং ভিজিএফ চাউল আত্মসাতের অভিযোগ উঠেছে। এ বিষয়ে স্থানীয় বাসিন্দা ও ৭নং সাহারবাটি ইউনিয়ন বিএনা'র সভাপতি মোঃ বাসিরুল আজিজ (হাসান) একটি লিখিত অভিযোগ দাখিল করেছেন উপজেলা নির্বাহী অফিসারের (ইউএনও) কাছে।

অভিযোগে বলা হয়, হিজলবাড়ীয়া থেকে সাহারবাটি পর্যন্ত সড়কের

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

**বিএনপিতে উত্তেজনা**

**মামুনুর রশিদ মামুন**

অন লাইনে আসলো লিখে
এক নেতার নাম
মিষ্টি থেকে শুরু করে
শুভেচ্ছা সহ সালাম।
আরেক নেতা কইছে দেখ
কি খেলাটাই না খেল -
গাছে থাকলো কাঁচা কাঠাল
গোপে মাখছে তেল ।
কেন্দ্র এখনো চুপ চাপ
বলছেনা তারা কিছু-
নেতাগুতার এমন ভাব
ছাড়ছেনা ভোটারের পিছু ।




## মেহেরপুরে জামায়াতে ইসলামীর দোয়া মাহফিল অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিধি

২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে গণঅভ্যুত্থানে শহীদ, আহত ও পঙ্গুদের স্মরণে দোয়া মাহফিলের আয়োজন করেছে মেহেরপুর জেলা জামায়াতে ইসলামি। মঙ্গলবার (১ জুলাই) সকালে জেলা জামায়াতের নিজস্ব কার্যালয়ে এ মাহফিল অনুষ্ঠিত হয়। এতে শহীদদের আত্মার

২-এর পৃষ্ঠা দেখুন




## জুলাই আন্দোলনের গেজেট তালিকা যাচাইয়ে মেহেরপুরে সভা অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিধি

মহান মুক্তিযুদ্ধ-পরবর্তী সময়ে সংঘটিত ঐতিহাসিক জুলাই আন্দোলনের শহীদ ও আহতদের সরকারি গেজেট তালিকা পুনরায় যাচাইয়ের উদ্দেশ্যে মেহেরপুরে জেলা পর্যায়ের একটি বিশেষ সভা

২-এর পৃষ্ঠা দেখুন

## ভোলায় স্বামীকে নির্যাতনের পরে স্ত্রীকে দলবদ্ধ ধর্ষণের

সূযোদয় ডেক্স

ভোলার তজুমদ্দিন উপজেলায় চাঁদার টাকা না পেয়ে এক ব্যক্তিকে মারধরের পর তার স্ত্রীকে দলবদ্ধ ধর্ষণের অভিযোগ উঠেছে স্থানীয় শ্রমিক দল ও ছাত্রদল নেতাসহ কয়েকজনের বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগীর স্বামী বাদী হয়ে থানায় মামলা করেছেন। মামলায় তজুমদ্দিন উপজেলা শ্রমিক দলের যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদ উদ্দিন, তার সহযোগী আলাউদ্দিন, তজুমদ্দিন সরকারি কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো. রাসেলসহ ৬-৭ জনকে অভিযুক্ত করা হয়েছে।

ঘটনাটি ঘটেছে রোববার (২৯

২-এর পৃষ্ঠা দেখুন



## বাস্কেটবল কোর্ট নির্মাণ কাজের উদ্বোধন মেহেরপুর সরকারি কলেজে

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সরকারি কলেজ প্রাঙ্গণে বাস্কেটবল কোর্ট নির্মাণ কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১ জুলাই) দুপুরে কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর এবং সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খাইরুল ইসলাম যৌথভাবে এ নির্মাণ

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বুধবার ॥ ১৮ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ২ জুলাই ২০২৫ইং

## ৯০০ মিটার রাস্তায় দুর্ভোগ- ঘুরে যেতে হয় ৫ কিলোমিটার

## ১৫ বছরেও হয়নি সংস্কার, বেহাল হুদাপাড়া-কুঞ্জনগর সড়ক




গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার হুদাপাড়া-কুঞ্জনগর সড়কের দৈর্ঘ্য মাত্র ৯০০ মিটার। তবে সড়কটির করুণ দশায় যান চলাচল প্রায় অসম্ভব হয়ে পড়েছে। ফলে ওই পথ ব্যবহারকারীদের প্রতিদিন ঘুরে প্রায় ৫ কিলোমিটার পথ পাড়ি দিতে হচ্ছে।

স্থানীয়রা জানায়, ষোলটাকা ইউনিয়নের এই গুরুত্বপূর্ণ সড়কটির পিচ উঠে গেছে বহু বছর আগেই। এখন শুধু বড় বড় গর্ত আর ধুলো-মাটির রাস্তা। খানাখন্দে ভরা এই পথে গাড়ি উল্টে পড়া বা দুর্ঘটনায় আহত হওয়ার ঘটনা প্রায় নিয়মিত। অ্যাম্বুলেন্স বা রোগীবাহী যানবাহন এই সড়কে যেতে চায় না। এমনকি অনেক রোগীও সড়কের ঝাঁকুনির ভয়ে আসতে চান না। কুঞ্জনগর মিকুশিস মাধ্যমিক বিদ্যালয়সহ দুটি

২-এর পৃষ্ঠা দেখুন



## নতুন করে সংক্রমণ বাড়ছে করোনার সুস্থ থাকতে যা করবেন

আমাদের সূর্যোদয় ডেস্ক

করোনা ভাইরাসের নতুন সাব-ভ্যারিয়েন্টগুলোর সংক্রমণ বৃদ্ধির পাচ্ছে। তবে এ নিয়ে আতঙ্কিত না হয়ে বরং সচেতনতা এবং স্বাস্থ্যবিধি মেনে চলা অত্যন্ত জরুরি। বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তরও একই পরামর্শ দিচ্ছে। নিচে কিছু গুরুত্বপূর্ণ করণীয় উল্লেখ করা হলো-

বদ্ধ এবং ভিড় রয়েছে এমন জায়গায় মাস্ক পরা খুবই গুরুত্বপূর্ণ। হাসপাতালে যারা চিকিৎসা নিতে যাবেন বা যারা চিকিৎসা দেবেন, তাদের অবশ্যই মাস্ক পরা উচিত। হাঁচি বা কাশির সময় টিস্যু, কাপড় বা বাহু দিয়ে নাক-মুখ ঢেকে রাখুন। ব্যবহৃত টিস্যু দ্রুত নিরাপদ স্থানে ফেলে দিন।

সাবান ও পানি দিয়ে অন্তত ২০ সেকেন্ড ধরে নিয়মিত হাত ধুয়ে নিন। সাবান না থাকলে অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন। অপরিষ্কার হাতে চোখ, নাক ও মুখ স্পর্শ করা থেকে বিরত থাকুন। আক্রান্ত ব্যক্তি থেকে কমপক্ষে ৩ ফুট (১ মিটার) শারীরিক দূরত্ব বজায় রাখুন।

জনসমাগমপূর্ণ স্থান এবং কম বায়ুচলাচলযুক্ত এলাকা এড়িয়ে চলুন। বিশেষ করে বয়স্ক ও অসুস্থ ব্যক্তিদের এ ধরনের স্থান এড়িয়ে চলার

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় ট্রেন থেকে ফেলে পাউবো কর্মচারীকে হত্যা

চুয়াডাঙ্গা প্রতিনিধি



চুয়াডাঙ্গার জয়রামপুর এলাকায় আন্তঃনগর কপোতাক্ষ এক্সপ্রেস ট্রেন থেকে ফেলে দেওয়া হয়ে হত্যা করা হয়েছে পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী গাফফার আলী আকাশ (২৬)এমন অভিযোগ উঠেছে রেলওয়ের টিটিই, পুলিশ ও এটেনডেন্টদের বিরুদ্ধে। নিহত আকাশের পরিবারের দায়ের করা মামলায় উঠে এসেছে চাঞ্চল্যকর তথ্য।

মামলায় ট্রেনের 'ঙ' বগিতে দায়িত্বপ্রাপ্ত টিটিই লালন চক্রবর্তী (৪২), রেলওয়ে পুলিশের এসআই পারভেজ (৩৬), কনস্টেবল কাদের (৪০), এবং এটেনডেন্ট মিলন (৩৭) ও সোহাগ মিয়াকে (৩৬) আসামি করা হয়েছে। মামলাটি বর্তমানে ঝিনাইদহ জেলা পুলিশের পিবিআই তদন্ত করছে।

ঘটনা ঘটে গত ১৯ মে। অফিস শেষে রাজশাহী থেকে খুলনাগামী কপোতাক্ষ এক্সপ্রেসে বাড়ি ফিরছিলেন আকাশ। জয়রামপুর আখ সেন্টারের কাছে তার মরদেহ রেল লাইনের পাশে পড়ে থাকতে দেখা যায়। প্রথমে ধারণা করা হয়, ট্রেন থেকে অসাবধানতাবশত পড়ে গিয়ে তার মৃত্যু হয়েছে।

তবে কয়েকদিনের মধ্যেই ঘটনাটি মোড় নেয় নতুন দিকে। নিহতের পরিবার দাবি করে, এটি একটি পরিকল্পিত হত্যাকাণ্ড। আকাশের বাবা জিন্নাত আলী ২১ মে চুয়াডাঙ্গা

২-এর পৃষ্ঠা দেখুন



## আখ উৎপাদনে আধুনিক কলাকৌশল প্রয়োগ শীর্ষক মাঠদিবস অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার কেরু এন্ড কোম্পানির আকন্দবাড়িয়া পরীক্ষামূলক কৃষিখামারে "আধুনিক কলাকৌশল প্রয়োগ" শীর্ষক মাঠদিবস অনুষ্ঠিত হয়েছে। আখের ফলন বৃদ্ধি এবং গুণগত মান উন্নয়নের লক্ষ্যে মঙ্গলবার সকাল ১১টায় এ মাঠদিবস অনুষ্ঠিত হয়। কেরু চিনিকলের মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভূঁইয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেরু এন্ড কোম্পানির ব্যবস্থাপনা

৩-এর পৃষ্ঠা দেখুন



## এমন দুর্নীতিবাজ সাব-রেজিস্টার জীবনেও দেখিনি'

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলা সাব-রেজিস্টার বোরহান উদ্দিন সরকারকে উদ্দেশ্য করে সাবেক সংসদ সদস্য ও উপজেলা বিএনপির আহবায়ক রেজা আহমেদ বাচ্চু মোল্লা বলেছেন, "এমন দুর্নীতিবাজ সাব-

৩-এর পৃষ্ঠা দেখুন




## কুষ্টিয়ায় কাফনের কাপড় পরে নেতাকর্মীদের বিএনপির কার্যালয় ঘেরাও

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়া পৌর বিএনপির দ্বিবার্ষিক সম্মেলনে কারচুপির অভিযোগ এনে জেলা বিএনপির কার্যালয় ঘেরাও করেছেন দলের শতাধিক বিক্ষুব্ধ নেতাকর্মী। মঙ্গলবার (১ জুলাই) সকাল সাড়ে ১১টা থেকে শহরের স্টেশন রোডে অবস্থিত জেলা বিএনপির প্রধান কার্যালয়ের সামনে এই কর্মসূচি পালিত হয়, যা চলে তিন ঘণ্টাব্যাপী।

বিক্ষোভকালে নেতাকর্মীরা কাফনের কাপড় পরে, হাতে দাবি সংবলিত প্ল্যাকার্ড ও প্রতিবাদী স্লোগান নিয়ে অবস্থান নেন। তারা অভিযোগ

৩-এর পৃষ্ঠা দেখুন





## দৌলতপুরের সাবেক এমপি ও উপজেলা চেয়ারম্যানের ১৪টি ব্যাংক হিসাব জব্দ

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনের সাবেক সংসদ সদস্য ও দৌলতপুর উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি রেজাউল হক চৌধুরী এবং তার ছোট ভাই, সাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যান ও যুবলীগের সভাপতি বুলবুল আহমেদ চৌধুরী (টোকেন চৌধুরী) এর বিরুদ্ধে ১৪টি ব্যাংক হিসাব জব্দের আদেশ দিয়েছেন কুষ্টিয়া জেলা ও দায়রা জজ আদালত।

দুর্নীতি দমন কমিশন (দুদক) গত কিছুদিন আগে সন্দেহজনক লেনদেনের অভিযোগে ওই দুই ভাইয়ের বিরুদ্ধে ব্যাংক হিসাব জব্দের আবেদন করলে আদালতে শুনানি শেষে সিনিয়র স্পেশাল জজ ছুনিয়া

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারতে রাসায়নিক কারখানায় বিস্ফোরণে নিহত অন্তত ৩৪

সূর্যোদয় ডেস্ক

ভারতের তেলেঙ্গানা রাজ্যের সাঙ্গারেড্ডি জেলার পাসামিল-ারাম শিল্প এলাকায় একটি রাসায়নিক কারখানায় ভয়াবহ বিস্ফোরণে অন্তত ৩৪ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরও ৩৫ জন। সোমবার (৩০ জুন) সকালে সিগাচি কেমিক্যালস নামের কারখানাটিতে এই দুর্ঘটনা ঘটে। বিস্ফোরণের পরপরই কারখানার ছাদ উড়ে গিয়ে প্রায় ১০০ মিটার দূরে পড়ে যায় এবং কালো ধোঁয়ায় ঢেকে যায় পুরো এলাকা।

দুর্ঘটনার পর স্থানীয়রা ছুটে এসে দেখতে পান, পুরো ভবনটি ধসে পড়েছে এবং ধ্বংসস্তূপের নিচে আটকে আছে বহু মানুষ। প্রাথমিকভাবে ১২ জনের মৃত্যুর

৩-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ায় চড়ের প্রতিশোধে জাসদ কর্মীর নির্মম মৃত্যু

### চড়ের প্রতিশোধ নিতে জাসদ কর্মী হত্যা

### ছাত্রদল নেতাসহ আটক ৩

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার মিরপুর উপজেলায় পূর্বশত্রুতার জেরে জমির উদ্দিন (৪৫) নামে এক ব্যক্তিকে প্রকাশ্যে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। ঘটনার পর পুলিশ ছাত্রদলের এক নেতাসহ তিন যুবককে আটক করেছে। গতকাল মঙ্গলবার ভোরে মিরপুর উপজেলার আমলা ইউনিয়নের আমবাড়িয়া গ্রামে অভিযান চালিয়ে তাদের আটক করে।

আটক ব্যক্তিরা হলেন আমলা ইউনিয়নের মিটন গ্রামের সোনারুল

৩-এর পৃষ্ঠা দেখুন

## ইসরায়েলের সঙ্গে সম্পর্ক রাখলেই মৃত্যুদণ্ড, ইরানে নতুন কঠোর আইন পাস

সূর্যোদয় ডেস্ক

ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনো ধরনের যোগাযোগ কিংবা সহযোগিতামূলক সম্পর্ক রাখলেই মৃত্যুদণ্ডড়এমন কঠোর আইন পাস করেছে ইরানের সংসদ। মঙ্গলবার (১ জুলাই) দেশটির পার্লামেন্টে এই কঠোর আইনটি সর্বসম্মতিক্রমে অনুমোদন পায়।

নতুন আইনে বলা হয়েছে, ইসরায়েল, যুক্তরাষ্ট্র বা অন্যান্য 'শত্রু রাষ্ট্রের' হয়ে গুপ্তচরগিরি, গোয়েন্দা তথ্য সংগ্রহ, সাইবার হামলা, সামরিক ড্রোন তৈরি বা অবকাঠামোতে নাশকতার অভিযোগে দোষী সাব্যস্তদের মৃত্যুদণ্ড দেওয়া হবে। এমনকি কেউ এসব কর্মকাণ্ডের চেষ্টা করলেও একই শাস্তি কার্যকর হবে। আইনে আরও উল্লেখ করা হয়েছে,

৩-এর পৃষ্ঠা দেখুন

## ইউরোপজুড়ে নজিরবিহীন তাপপ্রবাহ, রেড অ্যালার্ট জারি বহু দেশে

সূর্যোদয় ডেস্ক

ইউরোপজুড়ে চলছে নজিরবিহীন তাপপ্রবাহ। ফ্রান্স, ইতালি, স্পেন, জার্মানি, পর্তুগাল, গ্রিসসহ বহু দেশে জারি করা হয়েছে সর্বোচ্চ মাত্রার তাপ সতর্কতা। বিভিন্ন দেশে এই ভয়াবহ গরম জনজীবন বিপর্যস্ত করে তুলেছে। খবর বিবিসি ও এএফপি।

মঙ্গলবার ফ্রান্সের প্যারিসসহ ১৬টি অঞ্চলে সর্বোচ্চ 'রেড

৩-এর পৃষ্ঠা দেখুন

## ডিলিট করা হোয়াটসঅ্যাপ মেসেজও দেখা সম্ভব, জেনে নিন পদ্ধতি

আমাদের সূর্যোদয় ডেস্ক



হোয়াটসঅ্যাপের 'ডিলিট ফর এভরিওয়ান' ফিচারের মাধ্যমে ব্যবহারকারীরা ভুল করে পাঠানো বা অনিচ্ছাকৃত বার্তা নির্দিষ্ট সময়ের মধ্যে মুছে ফেলতে পারেন। তবে এই ফিচার চালু হওয়ার পর অনেকেই কৌতূহলী হয়ে পড়েন ঠিক কী লেখা ছিল যে মুছে ফেলা হলো?

ব্যক্তিগত কিংবা গুরুত্বপূর্ণ কোনো তথ্য ডিলিট হয়ে গেলে সেটি জানার আগ্রহ থেকেই যায়। তবে প্রযুক্তিবিষয়ক সাইট গেজেটস ৩৬০ এক প্রতিবেদনে বলছে, নির্দিষ্ট কিছু উপায়ে অ্যান্ড্রয়েড ও আইফোন ব্যবহারকারীরা ডিলিট করা মেসেজ দেখতে পারেন।

অ্যান্ড্রয়েড থেকে ডিলিট করা হোয়াটসঅ্যাপ মেসেজ দেখার উপায়

১. নোটিফিকেশন হিস্ট্রি ব্যবহার করে মেসেজ দেখা : অ্যান্ড্রয়েড ১১ বা তার পরের সংস্করণে থাকা 'নোটিফিকেশন হিস্ট্রি' ফিচারটি হোয়াটসঅ্যাপসহ বিভিন্ন অ্যাপের সব নোটিফিকেশন সংরক্ষণ করে। ডিলিট করা মেসেজও যদি আপনার নোটিফিকেশন বার এ দেখানো হয়ে থাকে, তবে তা এখান থেকেই পাওয়া সম্ভব। ফিচার চালু করতে ফোনের

৩-এর পৃষ্ঠা দেখুন

## পেছাতে পারে ভারতের বাংলাদেশ সফর

সূর্যোদয় ডেস্ক

আগস্টে সাদা বলের সিরিজ খেলতে বাংলাদেশ সফরে আসার কথা ছিল ভারতের। তবে নির্ধারিত সেই সূচিতে পরিবর্তন চাচ্ছে ভারত। ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) জানিয়েছে, তারা নির্ধারিত সময়ে সিরিজ খেলতে আগ্রহী নয়। বরং সিরিজটি পিছিয়ে নভেম্বরে আয়োজনের প্রস্তাব দিয়েছে তারা। ফলে দ্বিপাক্ষিক এই সিরিজের


৩-এর পৃষ্ঠা দেখুন

## এশিয়ান কাপের স্বপ্ন কি পূরণ হবে মেয়েদের

সূর্যোদয় ডেস্ক

এশিয়ান কাপ ফুটবল চূড়ান্ত পর্বে বাংলাদেশ একবারই খেলেছে। ১৯৮০ সালে সেই স্বপ্ন পূরণ হলেও আর কখনো এশিয়া কাপে খেলতে পারেনি পুরুষ জাতীয় দল। বাছাইপর্ব খেলেই বিদায়, ৪৫ বছর পর আবারও খেলতে চায় বাংলাদেশ। দারুণ শক্তিশালী দল গড়ে লড়াইয়েও নেমে পড়েছে লাল-সবুজের দল। ইংলিশ লিগে খেলা হামজা দেওয়ান চৌধুরী গ্রুপের প্রথম ম্যাচ থেকে খেলছেন। দ্বিতীয় ম্যাচে যোগ হয়েছেন কানাডা জাতীয় দলে খেলা সামিত সোম ও ইতালি প্রবাসী ফাহামিদুল ইসলাম। তারা মাঠে নেমেও জয়ের মুখ

৩-এর পৃষ্ঠা দেখুন




ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

